# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.২০৪.২৯.০১১.২২-১৯২৯

তারিখ: ০৬ জানুয়ারি ২০২২ খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০২১ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৯ ডিসেম্বর ২০২১ খ্রি.অনুমোদিত হয়েছে। সংশ্লিষ্ট সকলকে অনুমোদিত নীতিমালার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

০৬/১/২২

(প্রকৌশলী ফরিদ উদ্দিন আহম্মেদ)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৩
ইমেইল: bteb.director@gmail.com

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.২৯.০১১.২২-১৯২৯(১৪)

তারিখ: ০৬ জানুয়ারি ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, (কারিগরি/কারিগরি অধিশাখা-০১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫-৭। পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
১০। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪। সংরক্ষণ নথি।

রাজ্জাক ০৬.০১.২২

(মুহ. আবদুর রাজ্জাক মিঞা)
কারিকুলাম বিশেষজ্ঞ (শর্ট কোর্স)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ইমেইল: shortcourse128.bteb@gmail.com

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২১

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়সূচি | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১. | প্রস্তাবনা | ০৩ |
| ০২. | শিরোনাম ও প্রবর্তন | ০৩ |
| ০৩. | সংজ্ঞা | ০৩ |
| ০৪. | পাঠদানের অনুমোদন প্রাপ্তির শর্তসমূহ | ০৪ |
| ০৫. | পাঠদানের অনুমোদন কার্যক্রম | ০৬ |
| ০৬. | স্বীকৃতি অনুমোদন প্রক্রিয়া | ০৬ |
| ০৭. | শিক্ষাক্রম, টেকনোলজি সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধি প্রক্রিয়া | ০৭ |
| ০৮. | আসন সংখ্যা | ০৮ |
| ০৯. | স্থান পরিবর্তন | ০৮ |
| ১০. | নাম পরিবর্তন | ০৮ |
| ১১. | পরিদর্শন ফি | ০৮ |
| ১২. | শিক্ষা কার্যক্রম | ০৯ |
| ১৩. | ব্যাখ্যা | ০৯ |
| ১৪. | প্রতিষ্ঠান সুপারিশ ও অনুমোদন কমিটি | ০৯ |
| ১৫. | সংরক্ষণ | ০৯ |
| ১৬. | রহিতকরণ ও হেফাজত | ০৯ |
| | পরিশিষ্টসমূহ | |
| ০১. | সাংগঠনিক কমিটি ছক | ১০ |
| ০২. | দূরত্ব সনদ | ১১ |
| ০৩. | ভৌত অবকাঠামো (পাকা/সেমিপাকা) | ১২ |
| ০৪. | যন্ত্রপাতির তালিকা | ১৩ |
| ০৫. | আসবাবপত্র ও শিক্ষা উপকরণ তালিকা | ১৫ |
| ০৬. | জনবল কাঠামো | ১৬ |
| ০৭. | পাঠদানের আবেদনপত্র | ১৭ |
| ০৮. | পাঠদানের আবেদনপত্রের চেকলিস্ট | ১৯ |
| ০৯. | পাঠদানের পরিদর্শন প্রতিবেদন ফরম | ২০ |
| ১০. | শিক্ষাক্রম/টেকনোলজি সংযোজন/ব্যাচ/শিফট বৃদ্ধি/নাম/স্থান পরিবর্তনের আবেদনপত্র | ২২ |
| ১১. | শিক্ষাক্রম/টেকনোলজি সংযোজন/ব্যাচ/শিফট বৃদ্ধি/নাম/স্থান পরিবর্তনের আবেদনপত্রের চেকলিষ্ট | ২৪ |
| ১২. | শিক্ষাক্রম/টেকনোলজি সংযোজন/ব্যাচ/শিফট বৃদ্ধি/স্থান পরিবর্তনের পরিদর্শন প্রতিবেদন ফরম | ২৫ |
| ১৩. | পাঠদানের অঙ্গীকারনামা | ২৭ |
| ১৪. | আবেদনপত্র বাছাই কমিটি | ২৮ |
| ১৫. | সুপারিশ কমিটি (প্রতিষ্ঠান পাঠদান, শিক্ষাক্রম সংযোজন এবং নাম ও স্থান পরিবর্তন) | ২৮ |
| ১৬. | সুপারিশ কমিটি (স্বীকৃতি প্রদান, টেকনোলজি সংযোজন এবং ব্যাচ/শিফট বৃদ্ধি) | ২৮ |
| ১৭. | অনুমোদন কমিটি (প্রতিষ্ঠান পাঠদান, শিক্ষাক্রম ও টেকনোলজি সংযোজন, নাম ও স্থান পরিবর্তন, স্বীকৃতি প্রদান এবং ব্যাচ/শিফট বৃদ্ধি) | ২৯ |
| ১৮. | শিক্ষাক্রম ও টেকনোলজিসমূহের নাম | ২৯ |


25.11.21

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান, শিক্ষাক্রম/টেকনোলজি সংযোজন,ব্যাচ/শিফট বৃদ্ধি, পাঠদানের অনুমতি নবায়ন ও বাতিল/প্রত্যাহার, স্বীকৃতি প্রদান ও বাতিল/প্রত্যাহার এবং নাম ও স্থান পরিবর্তন সংক্রান্ত নীতিমালা

১.০ **প্রস্তাবনা:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (০১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান স্বীকৃতির নীতিমালা-২০১৬ রহিতক্রমে কতিপয় সংশোধনীসহ পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো।

২.০ **শিরোনাম ও প্রবর্তন:**

(১) এ নীতিমালা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২১ নামে অভিহিত হবে;

(২) এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে;

(৩) এ নীতিমালা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে ইতোমধ্যে পাঠদানের অনুমোদনপ্রাপ্ত সকল প্রতিষ্ঠানের জন্য সমভাবে প্রযোজ্য হবে।

৩.০ **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকলে এ নীতিমালায়-

(ক) "কারিগরি শিক্ষা" অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন ২০১৮-এর ২(১) ধারায় উল্লিখিত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ;

(খ) ''বোর্ড" অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন ২০১৮-এর ৩ ধারার অধীনে প্রতিষ্ঠিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড;

(গ) ''অনুমোদন কমিটি" অর্থ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক গঠিত পরিশিষ্ট-১৭ এ উল্লিখিত কমিটি;

(ঘ) ''সুপারিশ কমিটি'' অর্থ বোর্ড কর্তৃক গঠিত পরিশিষ্ট-১৫ ও ১৬ এ উল্লিখিত কমিটি;

(ঙ) ''বাছাই কমিটি'' অর্থ বোর্ড কর্তৃক গঠিত পরিশিষ্ট-১৪ এ উল্লিখিত কমিটি;

(চ) "অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স" অর্থ বোর্ডের অধীনে পরিচালিত একটি নির্দিষ্ট শিক্ষাক্রম যার মেয়াদ ০১ (এক) বছর। এই শিক্ষাক্রমের আওতায় ০৩ (তিন) টি টেকনোলজি, যথা- (১) অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (কম্পিউটার টেকনোলজি), (২) অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (ফাইন আর্টস) ও (৩) অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (ফিজিক্যাল এডুকেশন) এবং ভবিষ্যতে এই শিক্ষাক্রমের আওতায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংযোজিত টেকনোলজিসমূহ;

(ছ) "ব্যাচ/শিফট বৃদ্ধি" অর্থ অনুমোদিত টেকনোলজির প্রথম ব্যাচের সাথে সমসংখ্যক আসন যুক্ত করাকে বোঝাবে;

(জ) "পরিদর্শন টিম" অর্থ প্রতিষ্ঠানের বিদ্যমান সুযোগ-সুবিধা এই নীতিমালার আলোকে সরেজমিনে পরিদর্শন করার জন্য বোর্ড কর্তৃক গঠিত দল;

(ঝ) "পাঠদানের অনুমতি" অর্থ সরকারের অনুমোদনক্রমে বোর্ড কর্তৃক আরোপিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে প্রতিষ্ঠানে নিয়মিত অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষা কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান;

(ঞ) ''পাঠদানের অনুমতি প্রত্যাহার" অর্থ অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে পাঠদানের অনুমতি সরকারের অনুমোদনক্রমে বোর্ড কর্তৃক রহিত করা;

(ট) ''ফি" অর্থ বোর্ড কর্তৃক নির্ধারিত ও আদায়যোগ্য অর্থ;

(ঠ) "শিক্ষাক্রম সংযোজন" অর্থ বোর্ড কর্তৃক অনুমোদিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের সাথে অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম চালু করা;

(ড) "টেকনোলজি সংযোজন" অর্থ বোর্ড কর্তৃক অনুমোদিত অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম অনুমোদিত প্রতিষ্ঠানে বিদ্যমান টেকনোলজি -এর সাথে একই শিক্ষাক্রমের আরও নতুন টেকনোলজি যুক্ত করা; যেমন: অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রমের কম্পিউটার টেকনোলজির সাথে একই শিক্ষাক্রমের ফাইন আর্টস টেকনোলজি যুক্ত করা;

(ঢ) ''শিক্ষার্থী" অর্থ সহশিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ও ছাত্রী, বালক প্রতিষ্ঠানের ছাত্র এবং বালিকা/ মহিলা প্রতিষ্ঠানের ছাত্রী বোঝাবে;

25.11.2021

(ণ) "স্বতন্ত্র প্রতিষ্ঠান" অর্থ শুধুমাত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান বোঝাবে;

(ত) "সংযুক্ত প্রতিষ্ঠান" অর্থ অন্যান্য শিক্ষা বোর্ডের অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত শিক্ষাক্রমের অনুমোদন বোঝাবে;

(থ) "স্বীকৃতি" অর্থ বোর্ড কর্তৃক অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালনার জন্য পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানের নবায়ন এবং এ নীতিমালায় উল্লিখিত স্বীকৃতির শর্তাবলী পূরণ সাপেক্ষে অনুমোদন;

(দ) "স্বীকৃতি প্রত্যাহার" অর্থ অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালনাকারি প্রতিষ্ঠানকে প্রদত্ত অনুমোদন সরকারের অনুমোদনক্রমে বোর্ড কর্তৃক রহিত করা।

## ৪.০ পাঠদানের অনুমোদন প্রাপ্তির শর্তসমূহ:

(ক) **প্রতিষ্ঠানের ধরণ:**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রম পরিচালিত স্বতন্ত্র প্রতিষ্ঠানে অথবা স্বতন্ত্রভাবে সরকার এবং বোর্ড কর্তৃক নির্ধারিত শর্তপূরণ সাপেক্ষে অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম/ কোর্স খোলা যাবে;

(খ) **প্রতিষ্ঠানের নামকরণ:** প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে প্রদত্ত নামের শেষে প্রশিক্ষণ কেন্দ্র বা ইন্সটিটিউট অথবা বোর্ড কর্তৃক গ্রহণযোগ্য নাম থাকতে হবে। প্রতিষ্ঠানের নাম যথাসম্ভব আকারে ছোট হতে হবে:

(১) জেলা ও উপজেলা এবং সরকার অনুমোদিত কোনো প্রকল্পের নাম ব্যবহার করে কোনো বেসরকারি প্রতিষ্ঠানের নামকরণ করা যাবে না;

(২) জাতীয় নেতৃবৃন্দের নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে সরকারের এ সংক্রান্ত নীতিমালা/নির্দেশনা অনুসরণ করতে হবে;

(৩) নামকরণের ক্ষেত্রে শব্দ বা শব্দসমূহের সংক্ষিপ্তরূপ ব্যবহার করলে তার পূর্ণাঙ্গরূপ পাশাপাশি লিখতে হবে; তবে এক্ষেত্রে সরকার কর্তৃক নিবন্ধিত সংস্থা তার নামের সংক্ষিপ্তরূপ ব্যবহার করতে পারবে;

(৪) একই নামে একই জেলায় একাধিক প্রতিষ্ঠান করা যাবে না;

(৫) প্রতিষ্ঠানের বাংলা নামের পাশাপাশি একইসাথে ইংরেজি নাম অনুমোদন করতে হবে;

(৬) বেসরকারি নতুন প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে-বাংলাদেশ, ন্যাশনাল, জাতীয়, যুব উন্নয়ন, জেলার নাম, উপজেলার নাম, বিখ্যাত ব্যক্তির নাম, সংক্ষিপ্ত নাম ব্যবহার করা যাবে না। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত স্বতন্ত্র প্রতিষ্ঠানে অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম সংযোজন করা হলে প্রতিষ্ঠানটির অনুমোদিত পূর্বনাম ও কোড বহাল থাকবে।

(গ) **সাংগঠনিক কমিটি/ ব্যবস্থাপনা কমিটি**

(১) প্রস্তাবিত প্রতিষ্ঠানের পরিচালনার জন্য ন্যূনতম ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট পরিশিষ্ট-০১ অনুযায়ী একটি সাংগঠনিক কমিটি থাকতে হবে;

(২) পাঠদানের অনুমতি প্রাপ্তির ০১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এসআরও নং২৬৭-আইন/২০০৯) অনুযায়ী একটি সাংগঠনিক কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে। এ কমিটির মেয়াদ হবে তার প্রথম সভার তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর। পরবর্তীকালে ব্যবস্থাপনা কমিটি গঠন করতে হবে।

(ঘ) **আবেদিত প্রতিষ্ঠান হতে একই ধরণের প্রতিষ্ঠানের ন্যূনতম দূরত্ব:**

(১) উপজেলা সদর, পৌরসভা ও শিল্প এলাকার জন্য বিদ্যমান অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান থেকে আবেদনকৃত প্রতিষ্ঠানের ন্যূনতম দূরত্ব ০১ (এক) কিলোমিটার এবং অন্যান্য এলাকার জন্য ০২ (দুই) কিলোমিটার হতে হবে। এ বিষয়ে পরবর্তী কালে সরকারি কোনো আদেশ জারি হলে তা প্রযোজ্য হবে। আবেদনের সাথে জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার/ সড়ক ও জনপথ বিভাগ/ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের নির্বাহী প্রকৌশলী/ সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা কর্তৃক পরিশিষ্ট-০২ অনুযায়ী দূরত্ব সনদ দাখিল করতে হবে;

(২) বেসরকারি পর্যায়ে অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম খোলার নিমিত্ত প্রতি সিটি কর্পোরেশনে ০৫ (পাঁচ) টি, প্রতি জেলা সদরে ০৩ (তিন) টি এবং প্রতি উপজেলায় ০২ (দুই) টি প্রতিষ্ঠান স্থাপন করা যাবে;

(৩) যে সকল সিটি কর্পোরেশন, জেলা সদর এবং উপজেলায় ইতোমধ্যে উল্লিখিত সংখ্যক বা অধিক সংখ্যক প্রতিষ্ঠানকে প্রাথমিক পাঠদানের অনুমোদন দেয়া হয়েছে, এই নীতিমালার আওতায় সে সকল সিটি কর্পোরেশন, জেলা সদর এবং উপজেলায় নতুন করে কোন প্রতিষ্ঠান অনুমোদন দেয়া যাবে না।

25.11.21

(ঙ) **ভৌত অবকাঠামো:**

(১) পাঠদানের উদ্দেশ্যে ব্যবহারের জন্য ভৌত অবকাঠামো (পাকা/ সেমিপাকা) পরিশিষ্ট-০৩ মোতাবেক থাকতে হবে। পরবর্তী পর্যায়ে এ ভৌত অবকাঠামো অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। বোর্ড অনুমোদিত স্বতন্ত্র প্রতিষ্ঠানে এই শিক্ষাক্রম চালুকরণে পৃথক/আলাদা স্পেস থাকতে হবে;

(২) পাঠদানের উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রতিষ্ঠানের নিজস্ব জমির উপর ভবন/ ভৌত অবকাঠামো / আনুপাতিক হারে জমিসহ ক্রয়কৃত ফ্লোর স্পেস অথবা প্রতিষ্ঠানের নামে ন্যুনতম ০৫ (পাঁচ) বছরের চুক্তি সংবলিত ভাড়াকৃত ভবন/ ভৌত অবকাঠামো মোতাবেক থাকতে হবে। প্রতিষ্ঠানের নিজস্ব জমি/ আনুপাতিক হারে জমিসহ ক্রয়কৃত ফ্লোর স্পেসের ক্ষেত্রে সাবকবলা রেজিস্ট্রি মূল দলিল, নামজারি, হালনাগাদ খাজনা পরিশোধ, ডিসিআর, মৌজা ম্যাপ কপি দাখিল করতে হবে। ভাড়াকৃত অবকাঠামো/ স্পেসের ক্ষেত্রে ৩০০.০০ (তিনশত) টাকা বা সরকার নির্ধারিত হারে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা কপি সংযুক্ত করতে হবে;

(চ) **সাধারণ তহবিল:** প্রতিষ্ঠানের নামে চলতি আমানত হিসেবে কোনো তফসিলি ব্যাংকে ন্যূনতম ০১ (এক) লক্ষ টাকা থাকতে হবে। আবেদনপত্রের সাথে ব্যাংকের হালনাগাদ ব্যাংক স্টেটমেন্ট/ প্রত্যয়নপত্র জমা দিতে হবে;

(ছ) **সংরক্ষিত তহবিল:** প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ০২ (দুই) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করতে হবে। তবে ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে অতিরিক্ত ০৩ (তিন) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে প্রতিষ্ঠানের নামে বিনিয়োগ করতে হবে। অর্থাৎ কোনো প্রতিষ্ঠানের নাম ব্যক্তির নামের ক্ষেত্রে মোট ০৫ (পাঁচ) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিযোগ করতে হবে। বিনিয়োগকৃত আমানতের লভ্যাংশ প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে ব্যয় করা যাবে। দানকৃত জমির মূল্য দেখিয়ে বা উন্নয়ন কাজের ভাউচারের মাধ্যমে ব্যয় দেখিয়ে ব্যক্তির নামে নামকরণ করা যাবে না। আবেদনপত্রের সাথে স্থায়ী আমানতের ডকুমেন্ট (এফডিআর) সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। সংস্থা পরিচালিত প্রতিষ্ঠান অথবা বিদ্যমান কোনো প্রতিষ্ঠানের সাথে টেকনোলজি/শিক্ষাক্রম সংযোজনের ক্ষেত্রে সংস্থার/বিদ্যমান প্রতিষ্ঠানের বাৎসরিক অডিট রিপোর্ট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। বোর্ডের অনুমোদন ছাড়া সংরক্ষিত তহবিলের টাকা কোনো অবস্থাতেই উত্তোলন ও ব্যয় করা যাবে না;

(জ) **লে-আউট প্ল্যান:** শিক্ষা প্রতিষ্ঠান পাঠদানের উপযোগী লে-আউট প্ল্যান থাকতে হবে;

(ঝ) **যোগাযোগ ব্যবস্থা:** উন্নত যোগাযোগ ব্যবস্থা এবং বিদ্যুৎ সুবিধা থাকতে হবে;

(ঞ) **বিদ্যুৎ সুবিধা:** নিজস্ব জমিতে প্রতিষ্ঠান হলে/আনুপাতিক হারে জমিসহ ক্রয়কৃত ফ্লোর স্পেস হলে প্রতিষ্ঠানের নামে বৈধ বিদ্যুৎ সংযোগ এবং ভাড়াকৃত ভবনে প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্রদর্শিত ঠিকানা সংবলিত বিদ্যুৎ সংযোগ অবশ্যই থাকতে হবে। আবেদনের সাথে বিদ্যুৎ সংযোগের প্রমাণক হিসেবে প্রতিষ্ঠানের নামে হাল নাগাদ/ভাড়াকৃত ভবনে প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্রদর্শিত ঠিকানা সংবলিত বিদ্যুৎ বিল পরিশোধের হালনাগাদ কপি দাখিল করতে হবে;

(ট) **যন্ত্রপাতি ও অন্যান্য:** পাঠদানের অনুমতির জন্য আবেদনের সাথে টেকনোলজি ভিত্তিক যন্ত্রপাতির তালিকা (পরিশিষ্ট-০৪), প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট চালু এবং প্রাথমিক চিকিৎসা উপকরণ (ফার্স্ট এইড বক্স), অগ্নিনির্বাপক যন্ত্র (ফায়ার এস্টিংগুইসার) থাকার প্রমাণক সংযুক্ত করতে হবে;

(ঠ) **আসবাবপত্র ও শিক্ষা উপকরণ:** পরিশিষ্ট-০৫ তে উল্লিখিত আসবাবপত্র ও শিক্ষা উপকরণ থাকতে হবে;

(ড) **শিক্ষক-কর্মচারী:** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত এই নীতিমালার জনবল কাঠামো পরিশিষ্ট-০৬ অনুসারে বেসরকারি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালনাকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক/কর্মচারী নিয়োগ করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সরকারি আদেশ প্রযোজ্য হবে। একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রতিষ্ঠানটিকে জনবল কাঠামো অনুসারে যোগ্য শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল থেকে বেতন-ভাতাদি প্রদান করতে হবে। কোনোভাবেই সরকারের কাছে এমপিও দাবি করা যাবে না;

(ঢ) **লাইব্রেরি:** টেকনোলজি সংশ্লিষ্ট বোর্ড নির্ধারিত প্রয়োজনীয় সংখ্যক (প্রতি বিষয়ে ন্যূনতম ১০০ টি) পাঠ্যপুস্তক ও অন্যান্য বই থাকতে হবে। পাঠ্যপুস্তক ও অন্যান্য বইয়ের তালিকা কপি দাখিল করতে হবে।

25.11.21

৫.০ **পাঠদানের অনুমোদন কার্যক্রম:**

(ক) প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে পরিশিষ্ট-০৭ তে উল্লিখিত পাঠদানের আবেদনপত্র পূরণপূর্বক চেকলিস্ট পরিশিষ্ট-০৮-তে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র এবং পরিশিষ্ট-১৩ অনুযায়ী অঙ্গীকারনামা বোর্ডের চেয়ারম্যান বরাবর জমা দিতে হবে;

(খ) **আবেদন বাছাই:** বোর্ডের সংশ্লিষ্ট শাখা প্রাপ্ত আবেদনপত্রসমূহ নীতিমালা অনুযায়ী সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে যাচাই-বাছাই করে প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের সুপারিশ করবে;

(গ) **প্রতিষ্ঠান পরিদর্শন:** প্রাথমিকভাবে নির্বাচিত ও পরিদর্শন ফি প্রদানকারী প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত বোর্ডের চেয়ারম্যানের অনুমোদনক্রমে পরিদর্শন টিম গঠনপূর্বক পরিদর্শনের উদ্দেশে প্রেরণ করা হবে। পরিদর্শন টিম পরিদর্শনের চিঠি প্রাপ্তির পর সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত তথ্যাদি ও প্রয়োজনীয় কাগজপত্রের যথার্থতা নিরূপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ পরিশিষ্ট-০৯ অনুযায়ী প্রতিবেদন বোর্ডের চেয়ারম্যান বরাবর দাখিল করবে;

(ঘ) **পাঠদানের অনুমোদন:** সুপারিশ কমিটি পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর সভার মাধ্যমে পরিদর্শন প্রতিবেদনসহ আনুষঙ্গিক কাগজপত্র মূল্যায়ন করে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে উপযুক্ত প্রতিষ্ঠানকে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে অনুমোদন কমিটি বরাবর সুপারিশ প্রেরন করবে। সুপারিশ কমিটি কর্তৃক উপযুক্ততা প্রমাণিত না হলে তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জানিয়ে দিতে হবে। সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড প্রতিষ্ঠানকে ০১ (এক) বছরের জন্য পাঠদানের অনুমতি প্রদান করবে। প্রতিষ্ঠানের পাঠদানের অনুমোদনপ্রাপ্তি সংশ্লিষ্ট পরীক্ষার কেন্দ্র প্রদানের নিশ্চয়তা বিধান করে না। কেন্দ্র প্রদানের ক্ষমতা বোর্ড সংরক্ষণ করে;

(ঙ) পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান সরকারের অনুমতি ব্যতিরেকে প্রতিষ্ঠানের নাম ও স্থান পরিবর্তন করতে পারবে না। এর ব্যত্যয় হলে সরকার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পাঠদান অনুমতি বাতিল/প্রত্যাহার করতে পারবে। তবে এক্ষেত্রে নীতিমালায় উল্লিখিত স্থান ও নাম পরিবর্তনের শর্তপূরণ সাপেক্ষে স্থান ও নাম পরিবর্তন করা যাবে।

৫.১ **পাঠদানের অনুমতি নবায়ন:** পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে প্রতি বছর প্রতি টেকনোলজির জন্য অনুমতির মেয়াদ নবায়নের জন্য সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে বোর্ড কর্তৃক নির্ধারিত ফি প্রদান করতে হবে। প্রতিষ্ঠানের বিদ্যমান শিক্ষার্থী, ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণসাপেক্ষে পাঠদানের অনুমতির মেয়াদ পরবর্তী ০১ (এক) বছরের জন্য নবায়ন করা হবে। পাঠদানের নবায়ন সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানকে ধারাবাহিকভাবে ০৩ (তিন) বছর চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করলে স্বীকৃতির জন্য আবশ্যিকভাবে আবেদন করতে হবে। প্রতি টেকনোলজি/ ট্রেড ভিত্তিক ব্যাচ/শিফট বৃদ্ধি হলে পাঠদানের অনুমতি নবায়ন ফি ৫০% অতিরিক্ত প্রদান করতে হবে। স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকেও প্রযোজ্য ফি প্রদান সাপেক্ষে পাঠদানের অনুমতি প্রতি বছর নবায়ন করতে হবে।

৫.২ **পাঠদানের অনুমতি বাতিল/ প্রত্যাহার:** নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানের ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, লাইব্রেরি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণে ব্যর্থ হলে সরকারের অনুমোদনক্রমে বোর্ড প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি বাতিল করতে পারবে।

৬.০ **স্বীকৃতি অনুমোদন প্রক্রিয়া:**

৬.১ **স্বীকৃতি প্রাপ্তির শর্তসমূহ:**

(ক) স্বীকৃতি প্রাপ্তির ক্ষেত্রে পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে ন্যূনতম ধারাবাহিকভাবে ০৩ (তিন) বছর চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। যে কোন একটি চূড়ান্ত পরীক্ষায় বিদ্যমান আসনের ৬০% পরীক্ষার্থী অংশগ্রহণ করে অংশগ্রহণকারী পরিক্ষার্থীর ৬০% উত্তীর্ণ হলে স্বীকৃতির জন্য আবেদন করতে পারবে;

(খ) প্রতিষ্ঠানের বিদ্যমান নিজস্ব অবকাঠামো, জনবল কাঠামো অনুসারে পূর্ণকালীন ন্যূনতম ৫০% শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রদান, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণ থাকতে হবে;

২৫.১১.২১

(গ) প্রতিষ্ঠানের নামে প্রয়োজনীয় জমি ও ঐ জমির উপর প্রয়োজনীয় অবকাঠামো ব্যতিরেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করা হবে না;

(ঘ) প্রযোজ্য শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করা হবে না।

৬.২ **স্বীকৃতি নবায়ন:** স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানের উল্লিখিত মেয়াদান্তে স্বীকৃতি নবায়ন করার জন্য বোর্ড নির্ধারিত পরিদর্শন ফি প্রদান সাপেক্ষে বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদনপত্র মোতাবেক আবেদন করতে হবে। আবেদনের সাথে নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট সকল তথ্য ও প্রয়োজনীয় কাগজপত্র প্রমাণক হিসেবে সংযুক্ত করতে হবে। নীতিমালায় বর্ণিত সকল শর্তাবলী পূরণ থাকলে ০৩ (তিন) বছর মেয়াদে স্বীকৃতি নবায়ন করা হবে। প্রতিষ্ঠানের প্রয়োজনীয় কোনো শর্তপূরণ না হলে স্বীকৃতি নবায়ন করা হবে না। এরূপ ক্ষেত্রে উপযুক্ত কারণ দেখিয়ে স্বীকৃতি নবায়নের জন্য পুনরায় আবেদন করা যাবে।

৬.৩ **স্বীকৃতি বাতিল/প্রত্যাহার:**

(ক) প্রতিষ্ঠান অনুমোদন প্রদানকালে আরোপিত ও অনুমোদিত নীতিমালার শর্তসমূহ প্রতিপালনে ব্যর্থ হলে এবং বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান, নীতিমালা ও নির্দেশাবলি পালন করতে ব্যর্থ হলে সরকারের অনুমোদনক্রমে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিল কিংবা প্রত্যাহার করতে পারবে। পরীক্ষা কেন্দ্র প্রাপ্তি ও সরকারের যে কোনো ধরনের আর্থিক অনুদান ও সুযোগ-সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে হালনাগাদ স্বীকৃতি সনদ আবশ্যক হবে;

(খ) বোর্ডের অনুমোদন ব্যতিরেকে প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তন করা হলে সরকারের অনুমোদনক্রমে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিল/ প্রত্যাহার করতে পারবে।

৭.০ **শিক্ষাক্রম, টেকনোলজি সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধি প্রক্রিয়া:**

(ক) **শিক্ষাক্রম, টেকনোলজি সংযোজন ও ব্যাচ/ শিফট বৃদ্ধি:** প্রতিষ্ঠানের বিদ্যমান আসনের ৭৫% পরীক্ষার্থী ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে অংশগ্রহণকারী পরিক্ষার্থীর ৫০% উত্তীর্ণ হলে শিক্ষাক্রম সংযোজন, টেকনোলজি ও ব্যাচ/শিফট বৃদ্ধির নিমিত্ত আবেদনের জন্য প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত হবে। সেক্ষেত্রে বিদ্যমান অবকাঠামো/শিক্ষক এবং ক্লাস রুম বৃদ্ধি করতে হবে। শিক্ষাক্রম, টেকনোলজি সংযোজনের ক্ষেত্রে প্রয়োজনীয় ভৌত অবকাঠামো ও যন্ত্রপাতি থাকতে হবে। প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে শিক্ষাক্রম, টেকনোলজি সংযোজনের জন্য পরিশিষ্ট-০৭ তে উল্লিখিত পাঠদানের আবেদনপত্র পূরণপূর্বক চেকলিস্ট পরিশিষ্ট-০৮-তে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র, টেকনোলজি সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধির জন্য নির্ধারিত আবেদনপত্র পরিশিষ্ট-১০ পূরণপূর্বক চেকলিস্ট পরিশিষ্ট-১১-তে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র এবং পরিশিষ্ট-১৩ অনুযায়ী অঙ্গীকারনামা বোর্ডে জমা দিতে হবে;

(খ) প্রয়োজনীয় অবকাঠামো/যন্ত্রপাতি এবং অন্যান্য শিক্ষা উপকরণ ব্যতিরেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে শিক্ষাক্রম, টেকনোলজি সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধির অনুমতি প্রদান করা হবে না;

(গ) **প্রতিষ্ঠান পরিদর্শন:** প্রাথমিকভাবে নির্বাচিত ও পরিদর্শন ফি প্রদানকারী প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত বোর্ডের চেয়ারম্যানের অনুমোদনক্রমে পরিদর্শন টিম গঠনপূর্বক পরিদর্শনের উদ্দেশ্যে প্রেরণ করা হবে। পরিদর্শন টিম পরিদর্শনের চিঠি প্রাপ্তির পর সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত তথ্যাদি ও প্রয়োজনীয় কাগজপত্রের যথার্থতা নিরূপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ পরিশিষ্ট-১২ অনুযায়ী প্রতিবেদন বোর্ডের চেয়ারম্যান বরাবর দাখিল করবে;

(ঘ) **শিক্ষাক্রম, টেকনোলজি সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধি অনুমোদন:** সুপারিশ কমিটি পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর সভার মাধ্যমে পরিদর্শন প্রতিবেদনসহ আনুষঙ্গিক কাগজপত্র মূল্যায়ন করে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে উপযুক্ত প্রতিষ্ঠানকে শিক্ষাক্রম, টেকনোলজি সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধির অনুমোদন প্রদানের লক্ষ্যে অনুমোদন কমিটি বরাবর সুপারিশ প্রেরণ করবে। সুপারিশ কমিটি কর্তৃক উপযুক্ততা প্রমাণিত না হলে তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে জানিয়ে দিতে হবে। সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড ০১ (এক) বছরের জন্য টেকনোলজি, শিক্ষাক্রম সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধির অনুমতি প্রদান করবে যা পরবর্তীকালে শর্তপূরণ সাপেক্ষে নবায়ন করা যাবে। প্রতি ব্যাচ/শিফট বৃদ্ধির জন্য পাঠদান নবায়ন ফি ৫০% অতিরিক্ত প্রদান করতে হবে।

25.11.21

৮.০ **আসন সংখ্যা :** প্রতি টেকনোলজিতে আসন সংখ্যা হবে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) জন। এর মধ্যে মূল আসন ৪০ জন এবং ড্রপআউট ১০ (দশ) জন।

৯.০ **স্থান পরিবর্তন:**

(ক) প্রতিষ্ঠানের স্থান পরিবর্তনের ক্ষেত্রে উপযুক্ত কারণ প্রদর্শনপূর্বক বোর্ডের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। প্রতিষ্ঠানের স্থান পরিবর্তনের পূর্বানুমতি পরবর্তী ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে;

(খ) প্রতিষ্ঠান পরিদর্শন: বোর্ডের পূর্বানুমতি গ্রহণের পর ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠান প্রধানকে সভাপতির প্রতিস্বাক্ষরযুক্ত সভার কার্যবিবরণীসহ পরিশিষ্ট-১০ পূরণপূর্বক পরিশিষ্ট-১১ চেকলিস্টে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। প্রাথমিকভাবে নির্বাচিত ও পরির্দশন ফি প্রদানকারী প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত বোর্ডের চেয়ারম্যানের অনুমোদনক্রমে পরিদর্শন টিম গঠনপূর্বক পরিদর্শনের উদ্দেশ্যে প্রেরণ করা হবে। পরিদর্শন টিম পরিদর্শনের চিঠি প্রাপ্তির পর সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্ম দিবসের মধ্যে সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত তথ্যাদি ও প্রয়োজনীয় কাগজপত্রের যথার্থতা নিরূপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ প্রতিবেদন বোর্ডের চেয়ারম্যান বরাবরে দাখিল করবে;

(গ) পাঠদানের সকল শর্তাবলি পূরণ সাপেক্ষে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড একই জেলার মধ্যে স্থানান্তরের অনুমতি প্রদান করতে পারবে। একটি জাতীয় ও একটি স্থানীয় পত্রিকায় স্থান পরিবর্তনের বিজ্ঞপ্তি প্রকাশ এবং বিজ্ঞপ্তির মূলকপি বোর্ডের কারিকুলাম বিভাগে দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান কোড অপরিবর্তিত থাকবে;

(ঘ) **ভৌগোলিক ও প্রাকৃতিক কারণে যেমন:** নদী ভাঙ্গন, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি অথবা সরকারের ভূমি অধিগ্রহণজনিত কারণে একই জেলার মধ্যে পাঠদানের শর্ত পূরণ সাপেক্ষে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্থান পরিবর্তন করতে পারবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রমাণক হিসেবে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান কোড অপরিবর্তিত থাকবে।

১০.০ **নাম পরিবর্তন:**

(ক) প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের ক্ষেত্রে বোর্ডের নীতিমালায় উল্লিখিত নামকরণের শর্তপূরণ সাপেক্ষে উপযুক্ত কারণ প্রদর্শনপূর্বক বোর্ডের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। বোর্ড সঙ্গত মনে করলে নাম পরিবর্তনের পূর্বানুমতি প্রদান করবে। এক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের পূর্বানুমতি ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে;

(খ) পূর্বানুমতি গ্রহণের পর প্রতিষ্ঠান প্রধানকে সভাপতির প্রতিস্বাক্ষরযুক্ত কার্যবিবরণীসহ পরিশিষ্ট-১০ পূরণপূর্বক পরিশিষ্ট-১১ চেকলিস্টে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। পরিবর্তিত নামে সংরক্ষিত তহবিল, সাধারণ তহবিল, বাড়ি ভাড়া চুক্তিনামা/জমি রেজিস্ট্রি, নামজারি ও হালনাগাদ খাজনা থাকতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান কোড অপরিবর্তিত থাকবে;

(গ) কোনো প্রতিষ্ঠানের নাম ব্যক্তির নামে পরিবর্তনের ক্ষেত্রে অতিরিক্ত ০৩ (তিন) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে প্রতিষ্ঠানের নামে বিনিয়োগ করতে হবে। অর্থাৎ পূর্বে প্রতিষ্ঠিত কোনো প্রতিষ্ঠানের নাম ব্যক্তির নামে পরিবর্তনের ক্ষেত্রে মোট ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করতে হবে;

(ঘ) সরকার কর্তৃক অনুমোদন প্রদানের পরিপ্রেক্ষিতে বোর্ড প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের অনুমতি প্রদান করতে পারবে। একটি জাতীয় ও একটি স্থানীয় পত্রিকায় নাম পরিবর্তনের বিজ্ঞপ্তি প্রকাশ এবং বিজ্ঞপ্তির মূলকপি বোর্ডের কারিকুলাম বিভাগে দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান কোড অপরিবর্তিত থাকবে।

১১.০ **পরিদর্শন ফি:**

প্রতিষ্ঠান পাঠদান, স্বীকৃতি, স্থান পরিবর্তন, ব্যাচ/শিফট বৃদ্ধি এবং টেকনোলজি, শিক্ষাক্রম সংযোজনের জন্য পরিদর্শন ফি বাবদ বোর্ড নির্ধারিত টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে পে অর্ডার/ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে।

25.11.21

১২.০ **শিক্ষা কার্যক্রম:**

(ক) **পাঠ্যক্রম:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত/পরিমার্জিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে;

(খ) **ক্লাস রুটিন:** শিক্ষাবর্ষ শুরুর পূর্বেই বোর্ড প্রণীত প্রবিধান অনুসারে ক্লাস রুটিন প্রণয়ন করে যথাযথভাবে ক্লাস পরিচালনা করতে হবে। ক্লাস রুটিনের এক কপি বোর্ডের কারিকুলাম বিভাগে জমা দিতে হবে;

(গ) **ব্যবহারিক ক্লাস:** শিক্ষার্থীকে দক্ষ টেকনিশিয়ান/কারিগর/মানব সম্পদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ব্যবহারিক ক্লাস যথাযথভাবে অনুষ্ঠানের বিষয়টি নিশ্চিত করতে হবে;

(ঘ) **ধারাবাহিক মূল্যায়ন:** বোর্ড প্রণীত প্রবিধান অনুসারে তাত্ত্বিক ও ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়ন যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং রেকর্ডসমূহ সংরক্ষণ করতে হবে;

(ঙ) **ব্যবহারিক ক্লাসের দ্রব্যাদি:** ব্যবহারিক ক্লাস সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ব্যবহারিক ল্যাব/ওয়ার্কশপে প্রয়োজনীয় দ্রব্যাদি নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে প্রতিষ্ঠানকে ব্যবস্থাপনা কমিটির অনুমোদন সাপেক্ষে বছরের শুরুতে বাজেট প্রণয়ন করতে হবে;

(চ) **ল্যাব:** নীতিমালা অনুসারে প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ল্যাবে সুসজ্জিতকরণ, যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ এবং ল্যাব সর্বদা ব্যবহার উপযোগী রাখতে হবে;

(ছ) **পরীক্ষানুষ্ঠান:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও নম্বর বিন্যাস অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠান ও মূল্যায়ন ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(জ) **শিক্ষা বর্ষপঞ্জি:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করতে হবে;

(ঝ) **সহপাঠ্য কার্যক্রম:** বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক, বৃক্ষরোপণ, স্কাউট/গার্লস গাইড, পরিষ্কার- পরিচ্ছন্নতা, স্কিলস কম্পিটিশন, জাতীয় দিবসসমূহ পালন, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার চেতনা বিকাশ কার্যক্রম এবং জঙ্গিবাদ বিরোধী, মাদক বিরোধীসহ অন্যান্য সমাজকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করতে হবে;

(ঞ) **শিক্ষক-কর্মচারীদের প্রশিক্ষণ:** অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানে যথাযথ শিক্ষণ-শিখন কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক কর্মচারীদের প্রয়োজনে পেশাগত প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করতে হবে।

১৩.০ **ব্যাখ্যা:** এ নীতিমালার কোনো ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সংরক্ষিত থাকবে।

১৪.০ **প্রতিষ্ঠান সুপারিশ ও অনুমোদন কমিটি:**

(ক) সুপারিশ কমিটি (প্রতিষ্ঠান পাঠদান, শিক্ষাক্রম সংযোজন এবং নাম ও স্থান পরিবর্তন) পরিশিষ্ট-১৫ অনুযায়ী একটি কমিটি থাকবে;

(খ) সুপারিশ কমিটি (স্বীকৃতি প্রদান, টেকনোলজি সংযোজন এবং ব্যাচ/শিফট বৃদ্ধি) পরিশিষ্ট-১৬ অনুযায়ী একটি কমিটি থাকবে।

(গ) অনুমোদন কমিটি (প্রতিষ্ঠান পাঠদান, শিক্ষাক্রম, টেকনোলজি সংযোজন, নাম ও স্থান পরিবর্তন, স্বীকৃতি প্রদান এবং ব্যাচ/শিফট বৃদ্ধি) পরিশিষ্ট-১৭ অনুযায়ী একটি কমিটি থাকবে।

১৫.০ **সংরক্ষণ:** কোনো প্রতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান এবং রহিতকরণের যে কোনো শর্ত শিথিল/ আরোপ করার ক্ষমতা সরকার সংরক্ষণ করে।

১৬.০ **রহিতকরণ ও হেফাজত:** এই নীতিমালা কার্যকর হওয়ার সাথে সাথে এ সংক্রান্ত পূর্বের জারী-করা সকল প্রবিধান, নীতিমালা ও আদেশ রহিত হবে; তবে পূর্বের জারী-করা সকল প্রবিধান, নীতিমালা ও আদেশকৃত কোনো কাজ, প্রদত্ত কোনো স্বীকৃতি বা সার্টিফিকেট, ইস্যুকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা নোটিশ, গৃহীত কোনো ব্যবস্থা বা সূচিত কোনো কার্য ধারা এই নীতিমালার অধীনকৃত, প্রণীত, প্রদত্ত, ইস্যুকৃত, গৃহীত বা সূচিত হয়েছে বলে গণ্য হবে।

(মোঃ আমিনুল ইসলাম খান)
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।

25.11.21

**পরিশিষ্ট–১**

## সাংগঠনিক কমিটি

.................................খ্রি: তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটির সদস্যগণ:

| | | |
|---|---|---|
| ছবি<br>(পাসপোর্ট সাইজ) | | ছবি<br>(পাসপোর্ট সাইজ) |
| (নাম)<br>সভাপতি/প্রতিষ্ঠাতা<br>এনআইডি নং | | (নাম)<br>দাতা<br>এনআইডি নং |

| | | | | |
|---|---|---|---|---|
| ছবি<br>(পাসপোর্ট সাইজ) | | ছবি<br>(পাসপোর্ট সাইজ) | | ছবি<br>(পাসপোর্ট সাইজ) |
| (নাম)<br>সদস্য-১<br>এনআইডি নং: | | (নাম)<br>সদস্য-২<br>এনআইডি নং: | | (নাম)<br>সদস্য সচিব<br>এনআইডি নং: |

(নাম)
সভাপতি
প্রতিষ্ঠানের নাম:
মোবাইল:
ই-মেইল:

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. সংরক্ষিত নথি।

25.11.21

**পরিশিষ্ট-২**

অফিস প্যাড

দূরত্ব সনদপত্র

স্মারক নং:

তারিখ:

জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/সড়ক ও জনপথ বিভাগ/স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের নির্বাহী প্রকৌশলী/সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা কর্তৃক ছক মোতাবেক দূরত্ব সনদ ইস্যু করতে হবে।

চারপাশে অবস্থিত অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালিত সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ন্যুনতম দূরত্ব:

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | দূরত্ব (কিঃমিঃ) | দিক |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | | | |
| ৪. | | | |
| ৫. | | | |

কর্মকর্তার স্বাক্ষর ও সিল

25.11.21

পরিশিষ্ট-৩

## ভৌত অবকাঠামো (পাকা/সেমিপাকা)

| বিবরণ | আয়তন (বর্গফুট) | মন্তব্য |
|---|---|---|
| অধ্যক্ষ/ পরিচালকের কক্ষ, অফিস কক্ষ, লাইব্রেরি, শিক্ষক কমনরুম ও স্টোর | ১০০০ | প্রতিষ্ঠানের নামে/ভাড়াকৃত |
| ল্যাবরেটরি (প্রতি টেকনোলজির জন্য ০১টি) | ৩৫০ | প্রতিষ্ঠানের নামে/ভাড়াকৃত |
| শ্রেণি কক্ষ (প্রতি টেকনোলজির জন্য ০১টি) | ৩৫০ | প্রতিষ্ঠানের নামে/ভাড়াকৃত |
| টয়লেট (২টি: পুরুষ ও মহিলাদের জন্য আলাদা) | ১০০ | প্রতিষ্ঠানের নামে/ভাড়াকৃত |
| মোট | ১৮০০ | প্রতিষ্ঠানের নামে/ভাড়াকৃত |
| অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (ফিজিক্যাল এডুকেশন) এর ক্ষেত্রে খেলাধুলা ভিত্তিক অনুশীলন মাঠ,সাঁতার কাটার উপযোগী সুইমিং পুল/নদী/পুকুর থাকতে হবে | প্রয়োজন অনুসারে | প্রতিষ্ঠানের নিকটবর্তী স্থানে থাকতে হবে। |

25.11.21

১৪

পরিশিষ্ট-৪

# যন্ত্রপাতির তালিকা

## (1) Computer Technology (List of tools & equipments for 10 students)

| Tools | Quantity |
|---|---|
| Personal Computer System and Accessories | 10 |
| Scanner | 01 |
